



মহোদয়ের যাথাযথ পদক্ষেপ গ্রহণের নিমিত্ত দৃষ্টি আকর্ষণ করেন। অন্য ০২টি স্টেশনের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ যথাসময়ে অবকাঠামো নির্মাণ সম্পন্ন হবে মর্মে প্রকল্প দপ্তরকে অবহিত করেছেন।

০৪। আলোচনায় অংশ নিয়ে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভায় জানান যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সময় সভাপতি মহোদয় গণপূর্ত অধিদপ্তরকে ১ (এক) বছর সময় বৃদ্ধির কথা বলেছিলেন। তৎপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান যে, তাদের অতিরিক্ত ০৩(তিন) মাস সময় বৃদ্ধির প্রয়োজন। সভাপতি মহোদয় প্রকল্পটির মেয়াদ ০৬(ছয়) মাস বৃদ্ধির নির্দেশনা দেন। বর্তমানে গুণগতমান সমন্বয় রেখে নির্মাণকাজ গণপূর্ত বিভাগ শেষ করতে পারবে কিনা এ নিয়ে সংশয় রয়েছে। এ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান যে, বর্তমানে যে গতিতে পিছিয়ে পড়া ৩টি স্টেশনের নির্মাণ কাজ এগিয়ে চলছে তাতে আগামী নভেম্বর ২০২৩ এর মধ্যে মানসম্মতভাবে নির্মাণ কাজ সম্পন্ন করতে পারবে মর্মে আশা করা যায়।

এ পর্যায়ে সভাপতি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির আর কোনো সুযোগ না থাকায় নভেম্বর ২০২৩ এর মধ্যে স্টেশনসমূহের নির্মাণকাজ গুণগতমান সমন্বয় রেখে শেষ করার জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ করেন।

০৫। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

৫.১ শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণঞ্জ; রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট, চট্টগ্রাম মডার্ন ফায়ার স্টেশনের অবশিষ্ট কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী নভেম্বর' ২০২৩ এর মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৫.২ প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্টদের নির্মাণ কাজ মানসম্মতভাবে বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ করতে হবে;

৫.৩ নির্মিতব্য মডার্ন ফায়ার স্টেশনসমূহ হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী  
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.১৬০

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০


২৭ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

- ৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ৯) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ১০) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ১২) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ১৪) যুগ্মসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ১৫) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১৬) তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
- ১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৮) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ২০) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশাররফ হোসেন  
উপসচিব